# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটে

# আপনাকে স্বাগতম



# আমাদের লক্ষ্য

জাতীয় কবির অমর স্মৃতি সংরক্ষণ, জীবন ও কর্ম নিয়ে গবেষণা, সাহিত্য ও সংগীত সংগ্রহ, সংরক্ষণ, প্রচার এবং দেশ-বিদেশে কবির সাহিত্য চেতনা ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে ১৯৮৫ সালে প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়।

# নজরুল ইনস্টিটিউট আইন

- Nazrul Institute Ordinance, 1984
- কবি নজরুল ইনস্টিটিউট আইন ২০১৮

বর্তমান নাম: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট

# অবস্থান

ধানমণ্ডি, ২৮ নং সড়ক, বাড়ি: ৩৩০-বি
ধানমণ্ডি লেকের মনোরম পরিবেশে অবস্থিত
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধিনে জাতীয় কবির জন্য সরকারি প্রতিষ্ঠান।

# রূপকল্প (Vision)

জাতীয় কবি’র চেতনায়
নতুন বাংলাদেশ

# অভিলক্ষ্য (Mission)

- নজরুল সৃষ্টিকর্ম সংগ্রহ
- নজরুল সৃষ্টিকর্ম সংরক্ষণ
- নজরুল বিষয়ক গবেষণা
- নজরুল বিষয়ক প্রকাশনা
- দেশীয় সংস্কৃতির বিকাশ
- বিশ্বব্যাপী নজরুল সৃষ্টিকর্ম প্রচার

# কার্যাবলি

- কবির সাহিত্য ও সংগীত অনুশীলনে উৎসাহ প্রদান
- কবির সৃষ্টিকর্ম দেশ-বিদেশ থেকে সংগ্রহ ও সংরক্ষণ
- কবির সৃষ্টিকর্মের উপর গবেষণা ও প্রকাশনা
- নজরুল বিষয়ক সম্মেলন, সেমিনার আয়োজন
- নজরুল লাইব্রেরি ও আর্কাইভ প্রতিষ্ঠা
- প্রমিত নজরুল সংগীত স্বরলিপি প্রণয়ন
- সংগীত, আবৃত্তি ও নৃত্য প্রশিক্ষণ পরিচালনা

# কার্যাবলি

- নজরুল সংগীতশাস্ত্রে উচ্চতর ডিগ্রি প্রদান
- নজরুল গবেষণায় অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ ‘নজরুল পুরস্কার’ প্রদান
- আদি নজরুল সংগীত  ইনস্টিটিউটের ইউটিউব চ্যানেলে অন্তর্ভুক্তকরণ
- পৃথিবীর বিভিন্ন ভাষায় কবির সাহিত্যকর্মের অনুবাদ প্রকাশ

# গবেষণা ও প্রকাশনা

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন ও সাহিত্যকর্মের উপর গবেষণা পরিচালনা এবং নজরুল রচনা, নজরুল বিষয়ক গবেষণাধর্মী গ্রন্থ, অনূদিতগ্রন্থ, জার্নাল, পত্রপত্রিকা, অ্যালবাম ইত্যাদি প্রকাশনা নজরুল ইনস্টিটিউটের অন্যতম কাজ।

## প্রকাশনায় আমাদের অর্জন

- চার শতাধিক নজরুল রচনা সহ বিভিন্ন গ্রন্থ প্রকাশ
- নজরুল সংগীত ও আবৃত্তির প্রায় পঞ্চাশটি অডিও সিডি প্রকাশ
- কবির রচনাসমগ্র পৃথক পৃথক ও সংকলন আকারে প্রকাশ
- নজরুল বিষয়ক গবেষণাধর্মী গ্রন্থ প্রকাশ
- জার্নাল, স্মরণিকা, স্মারকগ্রন্থ ও অ্যালবাম প্রকাশ

# স্বরলিপি প্রমাণীকরণ

নজরুল সংগীতের বিকৃতি রোধকল্পে আদি গ্রামোফোন রেকর্ডের বাণী ও সুর অনুসরণে প্রণীত স্বরলিপি সত্যায়ন ও প্রমাণীকণের জন্য সরকার ‘নজরুল সংগীত স্বরলিপি প্রামাণীকরণ পরিষদ’ গঠন করেছে। প্রমিত স্বরলিপিগুলো নজরুল ইনস্টিটিউট থেকে সিরিজ গ্রন্থাকারে প্রকাশিত হয়েছে।

## স্বরলিপি প্রমাণীকরণ পরিষদের কার্যাবলী

- **আদি গ্রামোফোন রেকর্ড অনুসরণে স্বরলিপি শুদ্ধতা যাচাই**
- **এ পর্যন্ত ১৪৫০টি শুদ্ধ নজরুল সঙ্গীত স্বরলিপি প্রমাণীকরণ করা হয়েছে।**
- **নজরুল সংগীত স্বরলিপি ৫৮তম খণ্ডের কাজ চলমান।**

# প্রশিক্ষণ কার্যক্রম

শুদ্ধ বাণী ও সুরে নজরুল সংগীত চর্চা ও প্রচার-প্রসারকল্পে ইনস্টিটিউট শিশু-কিশোর, তরুণ এবং রেডিও টেলিভিশনের তালিকাভুক্ত শিল্পী ও সংগীত শিক্ষা প্রতিষ্ঠানের প্রশিক্ষকদের জন্য বিশেষ নজরুল সংগীত ও উচ্চাঙ্গ সংগীতের কোর্স চালু করেছে।

## সংগীত প্রশিক্ষণ কোর্সসমূহ

- শিশু-কিশোরদের নজরুল সংগীত প্রশিক্ষণ কোর্স
- তরুণদের নজরুল সংগীত প্রশিক্ষণ কোর্স
- উচ্চতর নজরুল সংগীত প্রশিক্ষণ কোর্স
- ডিপ্লোমা নজরুল সংগীত প্রশিক্ষণ কোর্স
- উচ্চাঙ্গ সংগীত প্রশিক্ষণ কোর্স

# নজরুল আবৃত্তি

নজরুলের কবিতা প্রচার-প্রসারকল্পে ইনস্টিটিউট শিশু-কিশোরদেরকে পরিপূর্ণ বাচিকশিল্পী হিসেবে গড়ে তোলার জন্য ইনস্টিটিউট নজরুল-আবৃত্তি প্রশিক্ষণ কোর্স চালু আছে। এ পর্যন্ত শত শত আবৃত্তি শিল্পীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

# নজরুল নৃত্য

নজরুল সংগীত ও গীতিনৃত্যনাট্য প্রচার-প্রসারকল্পে ইনস্টিটিউট শিশু-কিশোরদেরকে পরিপূর্ণ নৃত্যশিল্পী হিসেবে গড়ে তোলার জন্য ইনস্টিটিউট নজরুল-নৃত্য প্রশিক্ষণ কোর্স চালু করেছে। নজরুল নৃত্যের পাশাপাশি কত্থক নৃত্যে প্রশিক্ষণও প্রদান করা হয়।


# নজরুল পুরস্কার

নজরুল গবেষণা, নজরুল সংগীত সাধনায় যাঁরা অনন্যসাধারণ অবদান রেখেছেন নজরুল ইনস্টিটিউট তাঁদের পুরস্কৃত করে থাকে। ১৯৮৬ সাল থেকে বর্তমান পর্যন্ত নজরুল ইনস্টিটিউট ৫৫ জন গুণী ব্যক্তিত্বকে পুরস্কৃত করেছে। নজরুল পুরস্কারের মূল্যমান দুই লক্ষ টাকা। পুরস্কারের সঙ্গে রৌপ্য পদক ও সম্মাননা পত্র প্রদান করা হয়। প্রতি বছর ২৫ মে নজরুল জন্মবার্ষিকীতে জাতীয় পর্যায়ে অনুষ্ঠানে এ পুরস্কার প্রদান করা হয়।

## নজরুল পুরস্কার প্রাপ্ত ব্যক্তি-২০২৩



প্রফেসর ইরশাদ আহমেদ শাহীন
নজরুল-গবেষক ও ইংরেজি ভাষা সাহিত্যের অধ্যাপক, ইউনির্ভাসিটি অব সাউথ এশিয়া।




জনাব রুমী আজনবী
সঙ্গীত শিল্পী ও সঙ্গীত প্রশিক্ষক

## নজরুল পুরস্কার প্রাপ্ত ব্যক্তি-২০২৪



জনাব আবদুল হাই শিকদার
নজরুল-গবেষক ও
সম্পাদক, দৈনিক যুগান্তর



জনাব নাসিম আহমেদ
আবৃত্তিকার, আবৃত্তি প্রশিক্ষক ও
সিনিয়র এডভোকেট,
বাংলাদেশ সুপ্রীমকোর্ট

# নজরুল পুরস্কার ২০২৫ এর জন্য পুরস্কৃত হলেন



**প্রফেসর ড. আলী হোসেন চৌধুরী**

নজরুল সাহিত্যে অনন্যসাধারণ অবদানের জন্য



**জনাব মইদুল ইসলাম**

নজরুল-সঙ্গীতে অনন্যসাধারণ অবদানের জন্য

# গ্রন্থাগার

২০,০৪৩টি বই নিয়ে নজরুল ইনস্টিটিউটের একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। গ্রন্থাগারে কবির গ্রন্থাবলি, রচনাবলি, নজরুল বিষয়ক গ্রন্থাদি ছাড়াও নজরুল গবেষণার জন্য প্রয়োজনীয় গ্রন্থাদি এবং সাহিত্য-সংস্কৃতি ও অন্যান্য বিষয়ক উল্লেখযোগ্য সংখ্যক দেশি-বিদেশি মূল্যবান বইপত্র পত্রিকা রয়েছে।

এটিই শহরের একমাত্র লাইব্রেরী যা রাত ১০টা পর্যন্ত খোলা থাকে। এছাড়া কুমিল্লা ও ময়মনসিংহের ত্রিশালে সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে।

# জাতীয় কবি কাজী নজরুল  ইসলাম ইনস্টিটিউট গ্রন্থগার



# মিলনায়তন

- সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত ৩০০ আসন বিশিষ্ট একটি মিলনায়তন রয়েছে।
- এখানে জাতীয় অনুষ্ঠানসহ, নজরুল বিষয়ক সকল অনুষ্ঠান করা হয়।
- এই মিলনায়তনটি ভাড়াও প্রদান করা হয় যা ইনস্টিটিউটের একটি আয়ের উৎস

# জাতীয় কবি কাজী নজরুল  ইসলাম ইনস্টিটিউট মিলনায়তন






# নজরুল কর্নার

- ঢাকা বিশ্ববিদ্যালয় সমাধি প্রাঙ্গণে দর্শনার্থীদের জন্য উন্মুক্ত একটি নজরুল কর্নার রয়েছে।
- এখানে নজরুল ইনস্টিটিউট থেকে প্রকাশিত সকল ধরণের বই পাওয়া যায়।



নজরুল কর্নার
ঢাকা বিশ্ববিদ্যালয় প্রা ঙ্গণ

# বিক্রয়কেন্দ্র

- ঢাকাস্থ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের মূল ভবনের নিচে রয়েছে একটি বিক্রয়কেন্দ্র


- নজরুল গবেষক ও নজরুল অনুরাগীরা এখান থেকে সুলভ মূল্যে বই সংগ্রহ করতে পারে।

# নজরুল সাহিত্যের অনুবাদ কার্যক্রম

দীর্ঘ চল্লিশ বছর অপেক্ষার পর ইংরেজি ভাষায় নজরুল সাহিত্য অনুবাদের কাজটি সম্পন্ন করা হয়েছে। যা ইনস্টিটিউটের ইতিহাসে একটি বড় অর্জন।

## অনুবাদ উদ্যোগ

- ফার্সি ভাষায় অনুবাদের উদ্যোগ
- ফরাসি ভাষায় অনুবাদের উদ্যোগ




**Quintessence of Nazrul**
**Vol. 1 & 2**

# আন্তর্জাতিক সম্প্রসারণ

## নজরুল সেন্টার প্রতিষ্ঠা

**নিম্নোক্ত দেশ গুলোতে প্রবাসী বাংলাদেশীদের নিয়ে নজরুল সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে।**

- ফ্রান্স
- ইংল্যান্ড
- জাপান
- অস্ট্রেলিয়া

# সাম্প্রতিক অর্জন (২০২৪—২০২৬)

- কবি নজরুল ইসলামকে ‘জাতীয় কবি’ হিসেবে গেজেটভুক্ত করে রাষ্ট্রীয় স্বীকৃতি আদায়। এই ঘোষণার ভিতর দিয়ে কবির প্রতি রাষ্ট্রীয় সন্মানের দীর্ঘ প্রতীক্ষিত গণদাবিটি পূরণ হয়েছে। এই বিষয়ে ১৫ ডিসেম্বর ২০২৪ সালে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

- ‘Quintessence of Nazrul’ (নজরুল নির্যাস)। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট থেকে প্রথমবারের মত নজরুল সাহিত্য ইংরেজিতে অনূদিত হয়েছে।

- প্রথমবারের মতো জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট সদস্যপদ দেয়া শুরু করেছে।

- ‘আপোসহীন সাংবাদিকতার পথিকৃৎ নজরুল’ প্রাসঙ্গিক করে- ‘ডিপ্লমা ইন জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ’ বিষয়ে এক বছরের ডিপ্লোমা কোর্স চালুর অনুমোদনের অপেক্ষায় আছে।

# সাম্প্রতিক অর্জন (২০২৪–২০২৬)

- ❖ জাতীয় কবি হিসেবে স্বীকৃতির পর কবি নজরুল ইনস্টিটিউটের বর্তমান নাম, ‘জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট’।
- ❖ ইনস্টিটিউটের সঙ্গীত, আবৃত্তি ও নৃত্য প্রশিক্ষণ কোর্সসমূহে নতুন পাঠ্যক্রম ও নির্দেশিকা প্রণয়ন করে যুগোপযোগী করা হয়েছে ।
- ❖ ইনস্টিটিউটের গ্রন্থাগারের সময় বিকেল ৫টা থেকে বৃদ্ধি করে রাত ১০টা পর্যন্ত খোলা রাখার ব্যবস্থা করা হয়েছে।
- ❖ ইনস্টিটিউটের জরাজীর্ণ মিলনায়তন সংস্কার করে আধুনিকায়ন করা হয়েছে এবং নতুন অবকাঠামো নির্মাণ করা হয়েছে। এটি এখন ইনস্টিটিউটের নিজস্ব আয়ের একটি খাতে পরিণত হয়েছে ।

# সাম্প্রতিক অর্জন (২০২৪–২০২৬)

- নজরুল চেতনা দীপ্ত ২৪-এর গণঅভ্যুত্থানকে প্রাসঙ্গিক করে দেশব্যাপী '২৪-এর গণঅভ্যুত্থানে আমাদের নজরুল' শীর্ষক সিরিজ সেমিনার আয়োজন করা হয়েছে। এটি চলমান আছে।
- সারা দেশব্যাপী স্কুল, কলেজ, ও মাদ্রাসায় রচনা, হামদ-নাত, আবৃত্তি ও সঙ্গীত প্রতিযোগিতার আয়োজনের পরিকল্পনা ও বাস্তবায়ন হচ্ছে।
- নতুন করে নজরুল সংগীত স্বরলিপি প্রমাণীকরণ পরিষদের কমিটি গঠন করা হয়েছে। এছাড়াও জার্নাল ও গবেষণার পাণ্ডুলিপি বাছাই, প্রকাশনা ও রিভিউ কমিটির পুনর্গঠন করা হয়েছে।
- প্রথমবারের মতো নজরুলের 'রক অ্যালবাম' এবং 'রক কনসার্ট' আয়োজন করা হয়েছে, যা নতুন প্রজন্মের তারুণ্যের মাঝে নজরুল চেতনার সমৃদ্ধি ঘটাচ্ছে।

# সাম্প্রতিক অর্জন (২০২৪–২০২৬)

- ❖ প্রতি বছর ২৫শে মে জাতীয় পর্যায়ে নজরুল জন্মবার্ষিকীর অনুষ্ঠানে 'নজরুল পুরস্কার' প্রদান এবং পুরস্কার হিসেবে রৌপ্য পদক প্রবর্তন করা হয়েছে।
- ❖ লাইব্রেরি আধুনিকায়ন ও অটোমশন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে ।
- ❖ ইরান সরকার নজরুল রচনা সমগ্র ফারসি ভাষায় অনুবাদের প্রতিশ্রুতি দিয়েছে। ইরানের রাষ্ট্রদূত এই বিষয়ে ব্যাপক আগ্রহ প্রকাশ করেছেন।
- ❖ নজরুলকে বিশ্বব্যাপী ছড়িয়ে দিতে পৃথিবীর দেশে দেশে নজরুল সেন্টার স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে । এই লক্ষ্যে ফ্রান্স, ইংল্যান্ড ও জাপানে নজরুল কালচারাল সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে। আমেরিকা, অস্ট্রেলিয়া ও মধ্যপ্রাচ্যে প্রতিষ্ঠার কাজ চলছে ।
- ❖ প্রথমবারের মত নজরুল ইনস্টিটিউটে 'নজরুল নাট্য উৎসব' আয়োজন করা হয়েছে ।

# সাম্প্রতিক অর্জন (২০২৪—২০২৬)

❖ দেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের মাঝে নজরুল চর্চা বৃদ্ধি করার জন্য পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। ইতোমধ্যে আমরা নেত্রকোনার বিরিশিরিতে গারো ও হাজংদের নিয়ে একটা চমৎকার অনুষ্ঠান সম্পন্ন করেছি। পর্যায়ক্রমে আমরা দেশের প্রতিটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কাছে যাব।

❖ প্রথমবারের মতো একাডেমিক ক্যালেন্ডার চালু করা হয়েছে।

❖ ফরাসি ভাষায় নজরুল সাহিত্যকর্ম অনুবাদের জন্য ঢাকার ফরাসি কালচারাল সেন্টার এলিয়ান্স ফ্রাসেস-এর প্রধানের সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে এবং নীতিগত সিদ্ধান্ত হয়েছে।

❖ নজরুল সঙ্গীতের সুর ও বাণী অবিকৃতভাবে বিশ্বব্যাপী প্রচার ও প্রসারের জন্য স্টাফ নোটেশন প্রণয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

# একাডেমিক উন্নয়ন

- নতুন পাঠ্যক্রম
- ডিপ্লোমা ইন জার্নালিজম প্রস্তুতি
- একাডেমিক ক্যালেন্ডার চালু

# সাংস্কৃতিক অনুষ্ঠান

- নজরুল রক কনসার্ট ও অ্যালবাম প্রকাশ
- নজরুল নাট্য উৎসব
- দেশব্যাপী প্রতিযোগিতা

# স্মৃতি সংরক্ষণ

- কবি নজরুল স্মৃতিকেন্দ্র, কাজীর শিমলা দারোগাবড়ি, ত্রিশাল, ময়মনসিংহ

- কবি নজরুল স্মৃতিকেন্দ্র, বিচুতিয়া বেপারিবাড়ি, ত্রিশাল, ময়মনসিংহ

- কবি নজরুল ইনস্টিটিউট কেন্দ্র, কুমিল্লা

# ঢাকার বাইরে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের দুইটি কেন্দ্র




জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট কেন্দ্র কুমিল্লা

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম স্মৃতিকেন্দ্র বিচুতিয়া বেপারীবাড়ি, ত্রিশাল, ময়মনসিংহ





জাতীয় কবি কাজী নজরুল ইসলাম স্মৃতিকেন্দ্র কাজীর শিমলা দারোগা বাড়ি ত্রিশাল, ময়মনসিংহ

# প্রশাসনিক ভবিষ্যৎ পরিকল্পনা

- জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটকে জাতীয়করণ করা।
- ইনস্টিটিউটের কলেবর বৃদ্ধি তথা সাংগঠনিক কাঠামো পুনঃবিন্যাস, জনবল বৃদ্ধি এবং নির্বাহী পরিচালক পদ মহাপরিচালক পদে রূপান্তর করা।

# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট হলো

- গবেষণার কেন্দ্র
- সংস্কৃতির বাতিঘর
- আন্তর্জাতিক প্রচারের প্ল্যাটফর্ম
- জাতীয় চেতনার ধারক

# আমাদের ভবিষ্যৎ পরিকল্পনা

- **কবি নজরুলের বায়োপিক** নির্মাণ।
- কবি নজরুলের **"স্মৃতিবিজড়িত"** প্রায় ২৫ টি স্থান চিহ্নিতকরণ ও ভিত্তিপ্রস্তর নির্মাণ।
- **"ডিপ্লোমা ইন জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ: আপসহীন সাংবাদিকাতার পতিকৃৎ নজরুল "** শির্ষক এক বছর মেয়াদি ডিপ্লোমা কোর্স উদ্বোধন। সকল প্রস্তুতি সম্পন্ন। অনুমোদনের অপেক্ষায়

# আমাদের ভবিষ্যৎ পরিকল্পনা

## বাংলাদেশ সেনাবাহিনী ও বাংলাদেশ পুলিশে- নজরুল

- নজরুল ব্রিটিশ সামরিক বাহিনীর বেঙ্গল পল্টনে হাবিলদার হিসেবে কর্মরত ছিলেন। বেঙ্গল পল্টন থেকে বেঙ্গল রেজিমেন্ট আর বেঙ্গল রেজিমেন্ট থেকে বাংলাদেশ সেনাবাহিনী, আর সেই সেনাবাহিনীর রণসঙ্গীতের রচয়িতা কবি নজরুল। অতএব সেই উত্তরাধিকার অনুসরণ করে নজরুলকে বাংলাদেশে সেনাবাহিনীর সর্বোচ্চ র্যাঙ্ক দিয়ে সম্মানিত করা যেতে পারে।

- যেহেতু ব্রিটিশ পুলিশের একজন দারোগা জনাব রফিজউল্লাহ নজরুলের বিকাশে ব্যাপক ভূমিকা রেখেছেন, সেহেতু বাংলাদেশ পুলিশ নজরুলকে ধারণ করে প্রতিটি থানায় একজন মেধাবী অনাথ শিশুর দায়িত্ব নিয়ে সামাজিক ও মানবিক কর্মসূচি চালু করতে পারে।

# আমাদের ভবিষ্যৎ পরিকল্পনা

- মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ধানমণ্ডিলেকের পশ্চিমপাশে **“র‍্যাবেল স্কয়ারের”** ভিত্তিপ্রস্তর স্থাপন।
- নজরুল বর্ষের মধ্যেই আমাদের প্রাকশিত নজরুল সাহিত্যের ইংরেজি অনুবাদ Quintessence of Nazrul এর অন্যান্য বিদেশী ভাষায় অনুবাদের কর্যক্রম শুরু করা।
- কবি নজরুলের স্মৃতিবিজড়িত রমনা লেকে **“নজরুলমঞ্চ”** স্থাপন।

# ধন্যবাদ